

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৪৮

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৮. জুমু'আহর দিনে কোন সময়ে দু'আ কবুল হয়

باب الإِجَابَةِ أَيَّةُ سَاعَةٍ هِيَ فِي يَوْمِ الْجُمُعَةِ

আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّتَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي عَمْرُو، _ يَعْنِي ابْنَ الْحَارِثِ _ أَنَّ الْجُلَاحَ، مَوْلَى عَبْدِ الْعَزِيزِ حَدَّتَهُ أَنَّ أَبَا سَلَمَةَ _ يَعْنِي ابْنَ عَبْدِ الرَّحْمَنِ _ حَدَّتَهُ عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللهِ، عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " يَوْمُ الْجُمُعَةِ ثِنْتَا عَشْرَةَ " . يُرِيدُ سَاعَةً " لَا يُوجَدُ مُسْلِمٌ يَسْأَلُ اللهَ عَزَّ وَجَلَّ شَيْئًا إِلَا آتَاهُ اللهُ عَزَّ وَجَلَّ شَيْئًا إِلَا آتَاهُ اللهُ عَزَّ وَجَلَّ فَالْتَمِسُوهَا آخِرَ سَاعَةٍ بَعْدَ الْعَصْرِ " .

_ صحیح

বাংলা

১০৪৮। জাবির ইবনু 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ জুমু'আহর দিনের বার ঘন্টার মধ্যে এমন একটি মুহুর্ত রয়েছে যদি কোন মুসলিম এ সময় আল্লাহর কাছে কিছু প্রার্থনা করে তাহলে মহান ও সর্বশক্তিমান আল্লাহ তাকে তা দান করেন। এ মুহুর্তটি তোমরা 'আসরের শেষ সময়ে অনুসন্ধান করো।[1]

সহীহ।

English

Narrated Jabir ibn Abdullah:

The Prophet (ﷺ) said: Friday is divided into twelve hours. Amongst them there is an hour in which a Muslim does not ask Allah for anything but He



gives it to him. So seek it in the last hour after the afternoon prayer.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায় : জুমু'আহ, অনুঃ জুমু'আহর সময়, হাঃ ১৩৮৮), হাকিম (১/২৭৯) ইমাম হাকিম বলেন : বুখারী ও মুসলিমের শর্তে সহীহ, তবে তাঁরা এটি বর্ণনা করেননি। ইমাম যাহাবী বলেন : মুসলিমের শর্তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন